

## কৃষি বিশ্ববিদ্যালয়ের হলে তালা ॥ ক্যাম্পাসে বিক্ষোভ

ময়মনসিংহ, ১লা সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।— বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ দুপুর ১২টায় বিদেশীদের বাদে সকল ছাত্রছাত্রীকে তাৎক্ষণিকভাবে হল ত্যাগের নির্দেশ দিয়েছেন। এ সিদ্ধান্তের প্রতিবাদে ক্যাম্পাসে বিক্ষোভ শুরু হলে বিডিআর ও পুলিশ বিকেল ৫টার দিকে বিদেশীদের বাদে সকল ছাত্রছাত্রীকে হল থেকে বের করে হলগুলোতে তালা খুলিয়ে দেয়।

গত বৃহস্পতিবার ক্যাম্পাসে ছাত্রদল ও ছাত্রলীগের (আ-আ) মধ্যে

সারারাত গুলী বিনিময়ের পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শনিবার বিশ্ববিদ্যালয় বন্ধ এবং আজ ছাত্রছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘর্ষের প্রেক্ষিতে শহরে চরম উত্তেজনা বিরাজ করছিল। আজ সন্ধ্যায় স্থানীয় টাউন হলের কাছে ছাত্রলীগ এবং বিএনপি ও ছাত্রদল কর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। এ সময় কয়েকটি বোমা বিস্ফোরণেরও শব্দ শোনা যায়। নাজিম (২৭) ও গিয়াসউদ্দিন (২৫) নামে দু'জন গুলীবিক্ত হয়েছে বলে বিশ্বাসসূত্রে জানা গেছে। তারা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন, পরে ছাত্রদল কর্মীরা মিছিল বের করে ছোটবাজারস্থ আওয়ামী লীগ জেলা কার্যালয় ভাঙচুর এবং অগ্নিসংযোগ করে। শহরে চরম উত্তেজনা বিরাজ করছে।

ছাত্রদের জোর করে হল থেকে বের করে দেয়ার প্রতিবাদে বিভিন্ন

কৃষি বিশ্ববিদ্যালয় : পৃঃ ৮ কঃ ৫

### কৃষি বিশ্ববিদ্যালয় : হলে তালা

(১ম পাতার পর)

ছাত্র সংগঠন বিকেল ৫টা থেকে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে এবং অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানায়।

বৃহস্পতিবারের সংঘর্ষের পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শনিবারের সভায় ১৮ই সেপ্টেম্বর পর্যন্ত সকল ক্লাস বাতিল ও পরীক্ষাসমূহ স্থগিত ঘোষণা করেন। এ ঘোষণা প্রত্যাহার এবং উপাচার্যের পদত্যাগের দাবীতে ছাত্ররা গত রাত ৩টা পর্যন্ত ক্যাম্পাসে বিক্ষোভ করে।

আজ সকালে ডীন ও প্রভোস্ট কাউন্সিলের জরুরী সভায় পরিস্থিতির আরো অবনতির আশংকায় ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত সকল হল বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়। অবিলম্বে বিদেশীদের বাদে সকল ছাত্রছাত্রীকে হল ত্যাগের নির্দেশ দেয়া হয়।